ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৪৫৬

অমরপুর,২৯ অক্টোবর,২০২৫

**অমরপুরে মৎস্যচাষিদের কর্মশালা**

অমরপুর মহকুমা মৎস্য কার্যালয়ের উদ্যোগে তপশিলি জাতির মৎস্য চাষিদের মধ্যে মৎস্যচাষের প্রশিক্ষণ শিবির আজ অমরপুর পুরাতন টাউন হলে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের সূচনা করেন অমরপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন বিকাশ সাহা, অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন অমরপুর পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন সূচিত্রা দাস, অমরপুর বিএসি'র চেয়ারম্যান রবিত্র জমাতিয়া, অমরপুর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান শঙ্করানন্দ সাহা, মৎস্য দপ্তরের উপ অধিকর্তা কৃষ্ণহরি ত্রিপুরা প্রমুখ। অতিথিগণ বৈজ্ঞানিক পদ্ধতিতে মাছ চাষ করে রাজ্যে মাছের উৎপাদন বাড়ানোর জন্য মৎস্য চাষিদের প্রতি আহ্বান জানান। এক দিবসীয় কর্মশালায় ১০০ জন মৎস্যজীবি ও ১০ জন পঞ্চায়েত প্রধান উপস্থিত ছিলেন।

******